দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

# For Procurement of Goods

**(Request for Quotation Method)**

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি ১
ISO 9001:2015 Certified

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।

**নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সুপারভাইজার/কর্মচারীগণের জন্য** "রেইন কোর্ট" সংগ্রহ/ক্রয়ের **পুনঃদরপত্র (RFQ) আহবান বিজ্ঞপ্তি"**

দরপত্র নং-48/2024-2025

**প্রশাসন বিভাগ**
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।
ওয়েব সাইট- www.pbs1.natore.gov.bd, ই-মেইল-natorepbs1@gmail.com
মোবাইল নং ০১৭৬৯-৪০০৬৭৭

| | | |
|---|---|---|
| নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ ISO 9001:2015 Certified | **নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১**<br>ফুলবাগান, নাটোর। | E-mail : natorepbs1@gmail.com,<br>Web: www.pbs1.natore.gov.bd,<br>মোবাইল নং-০১৭৬৯৪০০৬৭৭ |


স্মারক নং-২৭.১২.৬৯৬৩.৫১২.০১.০৩৮.২৫. ৩২২৭

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
০১ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নাটোর পবিস-১ এর সুপারভঅইজার/কর্মচারীগণের জন্য "রেইন কোর্ট" সংগ্রহ/ক্রয় করণের পুনঃদরপত্র (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।

প্রতি,

................................

................................

................................

১. নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিজস্ব তহবিলের আওতায় সুপারভাইজার/কর্মচারীগণের জন্য "রেইন কোর্ট" সংগ্রহ/ক্রয় করণের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে পুনঃদরপত্র পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. সুপারভাইজার/কর্মচারীগণের জন্য "রেইন কোর্ট" সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদসংগে সংযুক্ত 'দরপত্র দলিল' ব্যবহার করে দরপত্র প্রস্তুত এবং দাখিল করতে হবে। দরপত্র দলিল সমিতির ওয়েব সাইট www.pbs1.natore.gov.bd হতে ডাউনলোড করে দরপত্রের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত দরপত্র ব্যতীত অন্য কোন দরপত্র বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে নাটোর পবিস-১ হতে দরপত্র দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে। **দরপত্রের সহিত নমুনা মালামাল ০১ সেট জমা দিতে হবে (ফেরৎযোগ্য)। নমুনা সংযুক্ত না করলে দরপত্র বাতিল করা যাবে।**

৪. দরপত্র প্রদানের স্থান ও সময়

| | | |
|---|---|---|
| ০১। | RFQ দরপত্র জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময় | ১৭/০৬/২০২৫ খ্রিঃ তারিখে, রোজ মঙ্গলবার, দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত। |
| ০২। | RFQ জমা দেয়ার স্থান | নাটোর পবিস-১ এর সদর দপ্তরের প্রশাসন বিভাগে দাখিল করতে হবে। |
| ০৩। | RFQ খোলার তারিখ, সময় ও স্থান | ১৭/০৬/২০২৫ খ্রিঃ তারিখে, রোজ মঙ্গলবার, দুপুর ০২:০৫ ঘটিকায় নাটোর পবিস-১ এর সদর দপ্তর, ফুলবাগান, নাটোর। |

৫. দরপত্র দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। দরপত্র দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত দরপত্র অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

৬. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৭. দরপত্র দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল দরপত্র বৈধ থাকবে।

৮. দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত দরপত্রসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

৯. সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. কোটেশন দাখিলের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে পন্যের গুণগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহণ করা হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। দরপত্র দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. মূল্যায়ন কমিটি দরপত্রের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে দরপত্র মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্র নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) টি গ্রহণযোগ্য দরপত্রের প্রয়োজন হবে।

১৩. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গানিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকবে।

১৪. কার্যাদেশ জারীর তারিখ থেকে ২০ (বিশ) দিনের মধ্যে কাজ এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৫. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্য সম্পাদন চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে করতন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬. দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৭. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক/সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

(মোঃ ফখরুল আলম)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নাটোর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,..........................................পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, রাজশাহী।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা,............................................উপজেলা, নাটোর।
০৭। ডিজিএম (সদর-কারিগরী ও সিংড়া/পুঠিয়া/বাগমারা জোনাল অফিস), নাটোর পবিস-১।
০৮। এজিএম (অর্থ-হিসাব/আইটি), নাটোর পবিস-১। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
০৯। web Addres ; www.pbs1.natore.gov.bd
১০। নোটিশ বোর্ড, নাটোর পবিস-১।
১১। অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ ফখরুল আলম)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

দরপত্র দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

দরপত্রের স্মারক নম্বর: ২৭.১২.৬৯৬৩.৫১২.০১.০৩৮.২৫.

তারিখ: ০১/০৬/২০২৫ খ্রিঃ।

প্রতি
জেনারেল ম্যানেজার
নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
ফুলবাগান, নাটোর।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, মালামাল ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে সুপারভাইজার/কর্মচারীগণের জন্য "রেইন কোর্ট" সরবরাহ করণের লক্ষ্যে প্রস্তাব করছি।
আমার/আমাদের দরপত্রের মোট মূল্য টাকা ------------------------কথায়ঃ-----------------------------------------------

আমার/আমাদের দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (RFQ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি য়ে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি দরপত্র দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ০১/০৬/২০২৫ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত দরপত্র প্রদানের অনুরোধজ্ঞাপন (RFQ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল দরপত্র অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সীলসহ দরদাতার স্বাক্ষর
তারিখঃ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

দরপত্রের স্মারক নম্বরঃ ২৭.১২.৬৯৬৩.৫১২.০১.০৩৮.২৫. তারিখঃ ০১/০৬/২০২৫ খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেমের বিবরণ | সংখ্যা | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | কাজের স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ২ | **রেইনকোর্টঃ** ডাবল পার্ট, ওয়াটার প্রুফ কাপড় দ্বারা তৈরী জামা, চাপ সেলাই বিশিষ্ট কফ হাতাও উভয় পার্শ্বে ব্যবহার উপযোগী এবং মাথার উপরে ঢাকনাসহ। প্যান্ট চাপ সেলাই বিশিষ্ট ও প্যান্টের নীচের দিকে চেইন থাকতে হবে (নমুনা মোতাবেক) | ১৫০টি | টি | ১৫০ | | | | নাটোর পবিস-১ |
| পণ্যও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| কাজের স্থান | নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, ফুলবাগান, নাটোর। |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ----------- |
| প্রস্তাবিত সরবরাহ | ১০ (দশ) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের তফশীলে ------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব ........../......../২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সীলসহ দরপত্র দাতার নাম ও স্বাক্ষর | তারিখ: -------------------- |

টীকা:

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ দরপত্রদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে মালামালের দর বা মূল্যে মালামাল সরবরাহকারী এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | - | **রেইনকোর্টঃ** ডাবল পার্ট, ওয়াটার প্রুফ কাপড় দ্বারা তৈরী জামা, চাপ সেলাই বিশিষ্ট কফ হাতাও উভয় পার্শ্বে ব্যবহার উপযোগী এবং মাথার উপরে ঢাকনাসহ। প্যান্ট চাপ সেলাই বিশিষ্ট ও প্যান্টের নীচের দিকে চেইন থাকতে হবে (নমুনা মোতাবেক) | নমুনা মোতাবেক | - | - |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত মালামাল সরবরাহ ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| ক্রয়কারীঃ | সরবরাহকারী: |
|---|---|
| (মোঃ ফখরুল আলম)<br>জেনারেল ম্যানেজার (চঃদাঃ)<br>নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-১<br>ফুলবাগান, নাটোর। | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ দরপত্র দাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো দরপত্রের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক দরপত্রের জন্য মালামালের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে মালামাল ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং মালামালের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, মালামালে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং মালামালে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. মালামাল ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (<u>সবিস্তার বিবরণী</u>) কোটেশন প্রদানকারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । দরপত্রদাতা প্রস্তাবিত মালামালের ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ কাজের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।